

হাবিপ্রবির ৫৬ শিক্ষক পেলেন ৮৪ লাখ টাকার গবেষণা অনুদান

হাবিপ্রবি প্রতিনিধি

প্রকাশিত: ১৩:৩০, ২৫ অক্টোবর ২০২৫



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের গবেষণা প্রকল্পের আওতায়
২০২৫-২৬ অর্থবছরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ৫৬ জন শিক্ষক পাচ্ছেন ৮৩ লাখ ২৫
হাজার টাকার গবেষণা অনুদান।

রোববার (১৯ অক্টোবর) তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ আমিনুল ইসলাম খান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

জানা গেছে, চলতি অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের জন্য মোট ৬৬২টি বিশেষ গবেষণা প্রকল্পে অনুদান দেওয়া হয়েছে। এর মধ্যে হাবিপ্রবির ২৮টি প্রকল্পে প্রধান গবেষক হিসেবে ২৮ জন শিক্ষক এবং সহকারী গবেষক হিসেবে আরও ২৮ জন শিক্ষক নির্বাচিত হয়েছেন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ১৯৯৭-৯৮ অর্থবছর থেকে গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে উৎসাহ প্রদানের লক্ষ্যে এ অনুদান কার্যক্রম চালু করে। প্রতিবছর পিয়ার রিভিউ কমিটির সুপারিশ অনুযায়ী বায়োলজিক্যাল সায়েন্স, মেডিক্যাল সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স, ইঞ্জিনিয়ারিং ও অ্যাপ্লায়েড সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স এবং

ইন্টারডিসিপ্লিনারি গ্রুপ—এই ছয়টি ক্যাটাগরিতে গবেষণা অনুদান
প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এ অনুদান হাবিপ্রবির গবেষণা
কার্যক্রমকে আরও গতিশীল করবে এবং শিক্ষকদের গবেষণায় আগ্রহ
বাড়াবে।
